ঢাকা বোর্ড ২০১৬

হিসাববিজ্ঞান : প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. ▶জনাব আরিয়া জাবিন একজন বিজনেস কনসাল্টেন্ট, যিনি ২০১০ সালের জানুয়ারি ১ তারিখে 'আরিয়া বিজনেস কনসাল্টেন্সি এন্টারপ্রাইজ' নামক একটি সেবাধর্মী ব্যবসায় প্রতিষ্ঠান শুরু করেন। ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখে আরিয়া বিজনেস কনসাল্টেন্সি এন্টারপ্রাইজ-এর রেওয়ামিল ছিল নিম্নরূপ:

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ জমা	২০,০০০	
ব্যাংক জমা	১,০০,০০০	
প্রাপ্য হিসাব	৮০,০০০	
জীবন বিমার প্রিমিয়াম	১০,০০০	
অফিস সরঞ্জাম	২,০০,০০০	
অবচয় সঞ্চিতি-অফিস সরঞ্জাম		৩০,০০০
অগ্রিম বিমা	৩৬,০০০	
সেবা আয়		১,৪০,০০০
অনুপার্জিত সেবা আয়		৩০,০০০
মূলধন— আরিয়া জাবিন		১,৯৩,৫০০
উত্তোলন— আরিয়া জাবিন	৩,৫০০	
১০% ব্যাংক ঋণ (০১-০৬-২০১৫)		১,৫০,০০০
সাপ্লাইজ	১২,০০০	
প্রদেয় হিসাব		৩০,০০০
উপযোগ খরচ	১০,০০০	
বেতন (৮০%)	৮০,০০০	
আয়কর	৭,০০০	
ভাড়া খরচ	১৫,০০০	
	৫,৭৩,৫০০	৫,৭৩,৫০০

সমন্বয়সমূহ: ১. ব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ৮,০০০ টাকা। ২. অগ্রিম বিমা তিন বছরের জন্য প্রদান করা হয়েছে ৩. পাঁচজন ক্লায়েন্টের প্রত্যেককে ১,০০০ টাকা করে প্রদত্ত সেবা এখনো লিপিবদ্ধ করা হয়নি। ৪. স্থায়ী সম্পত্তির ওপর ৫% হারে সরলরৈখিক পদ্ধতিতে অবচয় ধার্য করো।

ক. উত্তোলনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী তৈরি করো। ৪

২. ▶জনাব ইসমাম মেসার্স ইসমাম ট্রেডার্সের স্বত্বাধিকারী। ২০১৫ সালের ৩০ জুন তারিখে তার হিসাব বই হতে নিম্নলিখিত রেওয়ামিল তৈরি করা হয়েছে:

মেসার্স ইসমাম ট্রেডার্স

রেওয়ামিল

৩০ জুন, ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
হাতে নগদ	৭৮,০০০	
ব্যাংক জমা	১,০০,০০০	
মজুদ পণ্য (০১-০৭-২০১৪)	২,৫০,০০০	
১০% বিনিয়োগ (০১-০১-২০১৪)	২,০০,০০০	
১৫% বন্ধকী ঋণ (০১-০৯-২০১৪)		২,৫০,০০০
পণ্য ক্রয় ও বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৪,৭২,০০০	৮,২০,০০০
পণ্য ফেরত	১৫,০০০	১২,০০০
বিলম্বিত বিজ্ঞাপন	৩০,০০০	
বেতন	২০,০০০	
ভাড়া খরচ	৬০,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	২,৬০,০০০	৩,৫০,০০০
ভ্যাট চলতি হিসাব		২৪,০০০
স্থায়ী সম্পত্তি	৪,৮০,০০০	
বিনিয়োগের সুদ		১০,০০০
মূলধন		৫,০৯,০০০
উত্তোলন	১০,০০০	
	১৯,৭৫,০০০	১৯,৭৫,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ১,৬০,০০০ টাকা। ২. প্রাপ্য হিসাবের ২,৫০০ টাকা অবলোপন করো। অবশিষ্ট প্রাপ্য হিসাবের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা করো। ৩. স্থায়ী সম্পত্তির ওপর ১০% হারে অবচয় ধার্য করো। ৪. বিলম্বিত বিজ্ঞাপনের এক-তৃতীয়াংশ অবলোপন করো। ৫. ম্যানেজার তার কমিশন চার্জ করার পূর্ববর্তী নিট মুনাফার ওপর ৫% কমিশন পাবেন।

ক. ভ্যাট চলতি হিসাব প্রস্তুত করো। ২

খ. ২০১৫ সালের ৩০ জুন সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি করো। ৪

গ. ২০১৫ সালের ৩০ জুন তারিখের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

খ বিভাগ

৩. ▶ জনাব সাফিন চট্টগ্রামের খাতুনগঞ্জের একজন ব্যবসায়ী। তিনি ২০১৫ সালের ১ এপ্রিল তারিখে নগদ ১,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। এপ্রিল মাসে তার ব্যবসায়ে সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ:

এপ্রিল ৩ তারিয়া ট্রেডার্সের নিকট থেকে ধারে পণ্য ক্রয় ৮০,০০০ টাকা।

" ৬ রাউফ এন্টারপ্রাইজের নিকট ধারে পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা।

" ১০ নগদে পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।

" ১৪ তারিয়া ট্রেডার্সকে পণ্য ফেরত প্রদান ৫,০০০ টাকা।

" ২০ নিম্নমানের জন্য রাউফ এন্টারপ্রাইজ ৬,০০০ টাকার পণ্য ফেরত পাঠায়।

" ২৫ তারিযা ট্রেডার্সকে ৩% বাট্টা সাপেক্ষে পাওনা টাকার অর্ধেক পরিশোধ করা হয়।

" ৩১ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ৩,৫০০ টাকা।

ক. এপ্রিল মাসে জনাব সাফিনের নিট ক্রয় ও নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. লেনদেনগুলোর টেবুলার সামারি তৈরি করো। ৪

গ. এপ্রিল মাসের ৬, ১৪, ২০ ও ২৫ তারিখের লেনদেনগুলোর জাবেদা দাখিলা দাও। ৪

৪. ▶ মেসার্স আদীবা ট্রেডার্স তার খুচরা নগদান বই অগ্রদত্ত পদ্ধতিতে সংরক্ষণ করেন। ২০১৫ সালের এপ্রিল মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপ:

২০১৫			টাকা
এপ্রিল	১	খুচরা নগদ উদ্বৃত্ত	১৫০
"		প্রধান ক্যাশিয়ার থেকে প্রাপ্তি	৬৫০
"	২	প্রচারের জন্য বিনামূল্যে পণ্য বিতরণ	৮৫০
"	৫	কাগজ ক্রয়	৬০
"	৮	রিকশা ভাড়া	৪০
"	৯	বাকিতে অফিস সরঞ্জাম ক্রয়	১,৮০০
"	১০	ইন্টারনেট ব্যয়	১২০
"	১২	বাস ভাড়া প্রদান	৫০
"	১৪	পুরাতন খবরের কাগজ বিক্রয়	৯০
"	১৮	ডাক খরচ প্রদান	৩০
"	২২	মনিহারি খরচ প্রদান	৪০
"	২৭	পুরাতন আসবাবপত্র বিক্রয়	৩৫০
"	২৯	পিয়নকে বকশিস প্রদান	৫০

ক. খুচরা নগদান বহির্ভূত লেনদেনগুলো চিহ্নিত করো। ২

খ. একটি অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই তৈরি করো। ৪

গ. অগ্রদত্ত ব্যয়সমূহের জন্য সংশ্লিষ্ট খতিয়ান হিসাবসমূহ প্রস্তুত করো। ৪

৫. ▶ জনাব উমামা আতিফের ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের ব্যাংক সংক্রান্ত লেনদেনগুলো নিম্নরূপ:

i. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে নগদান বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা।

ii. পাওনাদার বরাবর ১০,০০০ টাকা, ১৫,০০০ টাকা এবং ৫,০০০ টাকার তিনখানি চেক ইস্যু করা হয়, কিন্তু ৫,০০০ টাকার চেকখানি ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখের মধ্যে ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়।

iii. আদায়ের জন্য ১৫,০০০ টাকার চেক এবং ১৪,০০০ টাকার প্রাপ্য বিল ২৯ ডিসেম্বর ২০১৫ তারিখে ব্যাংকে জমা দেয়া হয়। চেকখানি ০৩ জানুয়ারি ২০১৬ তারিখে আদায় হলেও প্রাপ্য বিলখানি এখনো আদায় হয়নি।

iv. দেনাদার থেকে প্রাপ্ত ৩০,০০০ টাকার চেক আদায়ের জন্য ব্যাংকে জমা দেয়া হয়, কিন্তু নগদান বইতে লিপিবদ্ধকরণ বাদ পড়েছে।

v. ৪,০০০ টাকার একখানি প্রাপ্য বিল ৩,৮০০ টাকায় বাট্টা করা হয়, কিন্তু নগদান বইতে সম্পূর্ণ মূল্যে লিপিবদ্ধ করা হয়।

vi. ব্যাংক কর্তৃক দেনাদার হতে সরাসরি আদায় ২৪,০০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ করা হয়নি।

vii. ২২ ডিসেম্বর ২০১৫ তারিখে আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক ৩,০০০ টাকা ২৫ ডিসেম্বর, ২০১৫ তারিখে প্রত্যাখ্যাত হয় কিন্তু নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

viii. ব্যাংক জমাতিরিক্তের সুদ ৫০০ টাকা এবং ব্যাংক চার্জ ২০০ টাকা নগদান বইতে লিপিবদ্ধ হয়নি।

ক. উপরের (vi) ও (vii) নং লেনদেনগুলোর জাবেদা দাখিলা দেখাও। ২

খ. একক জের পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

গ. উভয় জের সংশোধন পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করো। ৪

৬. ▶ ৩১ ডিসেম্বর তারিখে 'ইউশা ডিপার্টমেন্টাল স্টোর'-এর হিসাব বইতে রেওয়ামিল তৈরি করার পূর্বে নিম্নলিখিত অশুদ্ধিগুলো ধরা পড়ে:

১. জনাব সুমনা আফরোজ-এর নিকট হতে প্রাপ্ত ১০,০০০ টাকা জনাব মেহের আফরোজ-এর হিসাব খাতে ক্রেডিট করা হয়েছে।

২. ইউশা কর্তৃক ৫,০০০ টাকার পণ্য উত্তোলন বিক্রয় বইতে লিপিবদ্ধ হয়েছে।

৩. জনাব সাদমান নুহিনের নিকট বাকিতে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা ভুলবশত বহিঃফেরত বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

৪. মিস ওয়াফ্রা জামান-এর নিকট হতে ধারে ৮,০০০ টাকার পণ্য ক্রয় ভুলবশত বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়েছে।

ক. ১নং ও ২নং ভুলের শ্রেণি উল্লেখপূর্বক সমষ্টি নির্ণয় করো। ২

খ. উদঘাটিত ভুলের সংশোধনী জাবেদা লেখো। ৪

গ. বিক্রয় হিসাবের প্রারম্ভিক উদ্বৃত্ত ৩০,০০০ টাকা বিবেচনা করে বিক্রয় হিসাব তৈরি করো। ৪

৭. ▶ জনাব তামান্না জাহান 'জাহান এন্টারপ্রাইজ'-এর নামে ক্রীড়া সামগ্রীর ক্রয়-বিক্রয় পরিচালনা করেন। ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার হিসাব বইতে নিম্নোক্ত রেওয়ামিলটি প্রস্তুত করা হয়:

জাহান এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০১৫

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
নগদ ও ব্যাংক জমা	৬৩,০০০	
প্রাপ্য হিসাবসমূহ	৯০,০০০	
মজুদ পণ্য (৩১-১২-২০১৫)	৪৫,০০০	
প্রদেয় হিসাবসমূহ		২৮,০০০
বিক্রয়		৩,৬০,০০০
বিক্রয় ফেরত	৫,০০০	
মূলধন— তামান্না জাহান		২,৮৪,০০০
আসবাবপত্র	২,০০,০০০	

হিসাবের নাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
পুঞ্জীভূত অবচয়— আসবাবপত্র		৩০,০০০
বিক্রীত পণ্যের ব্যয়	২,২০,০০০	
বেতন	৩৩,০০০	
ভাড়া খরচ	২০,০০০	
উপযোগ খরচ	৬,০০০	
বিজ্ঞাপন খরচ	২০,০০০	
	৭,০২,০০০	৭,০২,০০০

অন্যান্য তথ্য : ১. সমাপনী মজুদের প্রকৃত পরিমাণ ৪২,০০০ টাকা। ২. সরলরৈখিক পদ্ধতিতে আসবাবপত্রের ওপর ৫% হারে অবচয় ধার্য করো। ৩. বিজ্ঞাপন খরচকে চারটি আর্থিক বছরের মধ্যে সমানভাবে সমন্বয় করতে হবে। ৪. প্রাপ্য হিসাবের ৩% অনাদায়ী পাওনা সঞ্চিতি সংরক্ষণ করো।

ক. ১নং ও ৩নং-এর সমন্বয় জাবেদা তৈরি করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে দশ ঘরবিশিষ্ট কার্যপত্র প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে জাহান এন্টারপ্রাইজের সমাপ্তি জাবেদা প্রস্তুত করো। ৪

৮.▶জনাব আলভীনা জামান ২০১০ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০,০০০ টাকা মূল্যের একটি ফ্যাশন ডিজাইন মেশিন জাপান থেকে আমদানি করেন। তিনি আমদানি শুল্ক ৫,০০,০০০ টাকা পরিশোধ করেন। তিনি মেশিনটির বহন খরচ ও সংস্থাপন খরচ যথাক্রমে ৪০,০০০ টাকা ও ৬০,০০০ টাকা নির্বাহ করেন। মেশিনটির আনুমানিক জীবনকাল ১০ বছর ধরা হয় এবং অনুমান করা হয় আনুমানিক জীবনকাল শেষে মেশিনটি বিক্রয় করে ১৬,০০,০০০ টাকা পাওয়া যেতে পারে। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাবকার্য সমাপ্ত করা হয়।

ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য নিরূপণ করো। ২

খ. দ্বিগুণ ক্রমহ্রাসমান পদ্ধতিতে প্রথম ৩ বছরের অবচয় খরচ হিসাব প্রস্তুত করো। ৪

গ. সরলরৈখিক পদ্ধতিতে প্রথম ৪ বছরের জন্য পুঞ্জীভূত অবচয়— মেশিন হিসাব প্রস্তুত করো। ৪

৯.▶জনাব আফিফা আতিফ একজন খুচরা ব্যবসায়ী। তিনি 'মেসার্স আফিফা ট্রেডার্স'-এর কর্ণধার। তিনি তার ব্যবসায়ের হিসাব একতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষণ করেন। নিম্নোক্ত উদ্বৃত্তগুলো তার হিসাব বই হতে নেয়া হয়েছে:

হিসাবের নাম	১ জানুয়ারি, ২০১৫ টাকা	৩১ ডিসেম্বর, ২০১৫ টাকা
নগদ তহবিল	২০,৪০০	২২,৮০০
ব্যাংক জমা	৩০,৫০০	১১,০০০ (ক্রে:)
বিবিধ পাওনাদার	৪৫,০০০	৪৩,০০০
বিবিধ দেনাদার	৫২,০০০	৫৪,০০০
প্রাপ্য বিল	২২,০০০	২৭,০০০

হিসাবের নাম	১ জানুয়ারি, ২০১৫ টাকা	৩১ ডিসেম্বর, ২০১৫ টাকা
প্রদেয় বিল	১৫,০০০	১২,০০০
আসবাবপত্র	৪০,০০০	
অফিস সরঞ্জাম	৫২,০০০	
১০% বন্ধকি ঋণ (১-৭-২০১৫)		২৮,০০০

২০১৫ সালে জনাব আফিফা আতিফ-এর নগদ উত্তোলনের পরিমাণ ছিল ৭,০০০ টাকা। এই উত্তোলিত টাকা হতে ৩,০০০ টাকা এবং তার ব্যক্তিগত সঞ্চয় হতে ৮,০০০ টাকা নিয়ে তিনি ব্যবসায়ের জন্য একটি ইলেকট্রিক টাইপরাইটার ক্রয় করেন। তিনি পারিবারিক প্রয়োজনে ব্যবসায় হতে ২,০০০ টাকা মূল্যের পণ্যও উত্তোলন করেন। স্থায়ী সম্পত্তির ওপর ১০% হারে অবচয় ধার্য করতে হবে। বিবিধ দেনাদারের ১,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের ওপর ৫% হারে অনাদায়ী পাওনা সৃষ্টি করতে হবে।

ক. প্রারম্ভিক ও সমাপনী মূলধন নির্ণয় করো। ২

খ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের লাভ-লোকসান বিবৃতি প্রস্তুত করো। ৪

গ. ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখে ব্যবসায়ের বৈষয়িক বিবৃতি প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. ক. উত্তোলনের পরিমাণ ২০,৫০০ টাকা। খ. নিট ক্ষতি ১৮,৭৫০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৩,৯৩,০০০ টাকা।

২. ক. ভ্যাট চলতি হিসাবের জের ৬৯,০০০ টাকা (ক্রেডিট)। খ. নিট মুনাফা ৪৩,১০৬ টাকা। গ. মোট চলতি সম্পদের পরিমাণ ৫,৯২,৬২৫ টাকা এবং মোট চলতি দায়ের পরিমাণ ৪,৫২,৫১৯ টাকা।

৩. ক. নিট ক্রয় ৭১,৫০০ টাকা এবং নিট বিক্রয় ৯৪,০০০ টাকা। খ. হিসাব সমীকরণের যোগফল ১,৫৭,৬২৫ টাকা। গ. জাবেদার যোগফল ১,০৮,৫০০ টাকা।

৪. খ. খুচরা নগদ উদ্বৃত্ত ৪১০ টাকা।

৫. ক. জাবেদার যোগফল ২৭,০০০ টাকা। খ. ব্যাংক বিবরণী মোতাবেক ব্যাংক জমা ১৬,১০০ টাকা। গ. সংশোধিত জের ২০,১০০ টাকা।

৬. ক. ১নং ও ২নং ভুলের সমষ্টি ১৫,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ৫৬,০০০ টাকা। গ. বিক্রয় হিসাবের ক্রেডিট জের ২৭,০০০ টাকা।

৭. ক. সমন্বয় জাবেদার যোগফল ১৮,০০০ টাকা। খ. সমন্বিত রেওয়ামিলের যোগফল ৭,১৪,৭০০ টাকা, নিট লাভ ৫৫,৩০০ টাকা এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪,১০,০০০ টাকা। গ. সমাপনী জাবেদার যোগফল ৭,১০,০০০ টাকা।

৮. ক. মেশিনটির অবচয়যোগ্য মূল্য ৯০,০০,০০০ টাকা। গ. পুঞ্জীভূত অবচয় – মেশিন হিসাবের জের ৩৬,০০,০০০ টাকা (ক্রেডিট)।

৯. ক. প্রারম্ভিক মূলধন ১,৫৬,৯০০ টাকা এবং সমাপনী মূলধন ১,১২,৮০০ টাকা। খ. নিট ক্ষতি ৬০,৩৫০ টাকা। গ. বৈষয়িক বিবৃতির যোগফল ১,৯৩,৯৫০ টাকা।

ঢাকা বোর্ড-২০১৬

হিসাববিজ্ঞান: প্রথম পত্র

বিষয় কোড: ২৫৩

সময় — ৪০ মিনিট

বহুনির্বাচনি

পূর্ণমান — ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি

১. স্থায়ী সম্পত্তির পুস্তকমূল্য নির্ণয়ের ক্ষেত্রে কোন সমীকরণটি সঠিক?
ক) পুস্তকমূল্য = বিক্রয়মূল্য − ক্রয়মূল্য
খ) পুস্তকমূল্য = বিক্রয়মূল্য − মুনাফা
গ) পুস্তকমূল্য = বিক্রয়মূল্য − মোট অবচয়
ঘ) পুস্তকমূল্য = ক্রয়মূল্য − পুঞ্জীভূত অবচয়

২. অনিঃশেষিত ব্যয় কী?
ক) সম্পদ খ) ব্যয় গ) দায় ঘ) মালিকানা স্বত্ব

উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব আবুল-এর ২০১৫ সালে বিজ্ঞাপন খরচ ছিল ৫০,০০০ টাকা। তিনি ২০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করেন যা হিসাবভুক্ত হয় নি।

৩. মোট বিজ্ঞাপন খরচের $\frac{৩}{৪}$ অংশ বিলম্বিত করা হলে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
ক) ১২,৫০০ টাকা খ) ১৭,৫০০ টাকা
গ) ৩৭,৫০০ টাকা ঘ) ৫২,৫০০ টাকা

৪. মোট বিজ্ঞাপন খরচের $\frac{১}{৪}$ অংশ বিলম্বিত করা হলে বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?
ক) ১২,৫০০ টাকা খ) ১৭,৫০০ টাকা
গ) ৩৭,৫০০ টাকা ঘ) ৫২,৫০০ টাকা

৫. নিচের কোনটি প্রত্যক্ষ খরচ?
ক) অফিস ভাড়া খ) মজুরি
গ) কমিশন ঘ) বিজ্ঞাপন খরচ

৬. ভবিষ্যৎ ব্যবস্থা সৃষ্টি করা হয়—
i. সম্পত্তি প্রতিস্থাপনের জন্য ii. দায় পরিশোধের জন্য
iii. চলতি মূলধন বৃদ্ধির জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) iii ঘ) ii ও iii
*সঠিক উত্তর: i ও ii

৭. সমাপনী দাখিলা দেয়ার পর কোন হিসাব শূন্য জের দেখাবে?
ক) অনুপার্জিত আয় খ) সেবা আয়
গ) বিলম্বিত বিজ্ঞাপন ঘ) অগ্রিম ব্যয়

৮. অনাদায়ী পাওনা সঞ্চিতি কোন নীতির ভিত্তিতে রাখা হয়?
ক) ক্রয়মূল্য খ) রাজস্ব স্বীকৃতি
গ) সংরক্ষণশীলতা ঘ) পূর্ণ প্রকাশকরণ

৯. সাধারণত কোন সম্পত্তির অবচয় হয় না?
ক) ভূমি খ) দালানকোঠা
গ) মোটরগাড়ি ঘ) যন্ত্রপাতি

১০. প্রাপ্য সুদ সমন্বয় করা না হলে—
i. দায় হ্রাস পায় ii. মালিকানা স্বত্ব হ্রাস পায়
iii. সম্পত্তি হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

১১. রূপা ট্রেডার্স হিসাবকালের শেষ দিনে বাকিতে একটি যন্ত্র ক্রয় করেন। এই লেনদেনটির প্রভাব কোথায় পড়বে?
ক) শুধু উদ্বৃত্তপত্রে খ) শুধু আয় বিবরণীতে
গ) আয় বিবরণী ও মালিকানা স্বত্ব বিবরণীতে
ঘ) আয় বিবরণী ও উদ্বৃত্তপত্রে

১২. বিক্রয়মূল্যের ওপর মুনাফার হার ২০% হলে ক্রয়মূল্যের ওপর মুনাফার হার কত?
ক) ১৫% খ) ২০% গ) ২৫% ঘ) ৩৩.৩৩%

উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।
লতিফ ট্রেডার্স ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ১,৯০,০০০ টাকায় একটি মেশিন ক্রয় করে। মেশিনটির সংস্থাপন ব্যয় ১০,০০০ টাকা। বার্ষিক ১০% হারে ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে অবচয় ধার্য করা হয়।

১৩. ২০১৫ সালের অবচয়ের পরিমাণ কত?
ক) ১,০০০ টাকা খ) ১৮,০০০ টাকা
গ) ১৯,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

১৪. তিন বছর পর মেশিনটির পুস্তকমূল্য কত হবে?
ক) ১,৪০,০০০ টাকা খ) ১,৪৫,৮০০ টাকা
গ) ১,৮০,০০০ টাকা ঘ) ২,০০,০০০ টাকা

১৫. একটি দায় হ্রাস পেলে—
i. অন্য দায় বৃদ্ধি পায় ii. মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়
iii. সম্পত্তি হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. চেকের মাধ্যমে বেতন প্রদান ৫০০ টাকা ভুলক্রমে নগদান বইয়ের ডেবিট দিকে ৫০ টাকা লেখা হয়েছে। এর ফলে নগদান বইয়ের উদ্বৃত্ত এবং ব্যাংক বিবরণীর মধ্যে কত টাকা গরমিল হবে?
ক) ৫০ টাকা খ) ৪৫০ টাকা
গ) ৫০০ টাকা ঘ) ৫৫০ টাকা

১৭. ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন ১০,০০,০০০ টাকা, অতিরিক্ত মূলধন ৫০,০০০ টাকা, সমাপনী মূলধন ১৫,০০,০০০ টাকা এবং উত্তোলন ৩০,০০০ টাকা হলে নীট মুনাফা কত?
ক) ৪,৮০,০০০ টাকা খ) ৫,০০,০০০ টাকা
গ) ৫,২০,০০০ টাকা ঘ) ৫,৫০,০০০ টাকা

১৮. প্রতি মাসের শুরুতে উত্তোলনের পরিমাণ ১,০০০ টাকা হলে ৫% হার সুদে উত্তোলনের ওপর বার্ষিক সুদের পরিমাণ কত?
ক) ২৭৫ টাকা খ) ৩০০ টাকা
গ) ৩২৫ টাকা ঘ) ৬০০ টাকা

১৯. নিচের কোনটি হিসাব চক্রের অংশ নয়?
ক) শনাক্তকরণ খ) সত্যতা যাচাইকরণ
গ) লিপিবদ্ধকরণ ঘ) শ্রেণিবিন্যাসকরণ

২০. একতরফা দাখিলা পদ্ধতির প্রয়োগ কোথায় হয়?
ক) একমালিকানাধীন ব্যবসায়
খ) প্রাইভেট লিমিটেড কোম্পানিতে
গ) পাবলিক লিমিটেড কোম্পানিতে
ঘ) রাষ্ট্রীয় ব্যবসায়

২১. চালান কে তৈরি করেন?
ⓚ ক্রেতা ⓚ বিক্রেতা
ⓖ মধ্যস্থতাকারী ⓖ দেনাদার

২২. 'অগ্রিম বিমা' আধুনিক পদ্ধতিতে কোন শ্রেণির হিসাব?
ⓚ সম্পদ ⓚ ব্যয়
ⓖ দায় ⓖ মালিকানা স্বত্ব

২৩. বছরের শুরুতে একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মোট সম্পদের পরিমাণ ছিল ১২,০০,০০০ টাকা এবং মোট বহিঃদায় ছিল ৭,০০,০০০ টাকা। বছর শেষে মোট সম্পদ ২,০০,০০০ টাকা বেড়ে গেলে এবং মোট বহিঃদায় ১,০০,০০০ টাকা কমে গেলে সমাপনী মালিকানা স্বত্ব কত হবে?
ⓚ ৫,০০,০০০ টাকা ⓚ ৬,০০,০০০ টাকা
ⓖ ৮,০০,০০০ টাকা ⓖ ১০,০০,০০০ টাকা

২৪. আসবাবপত্র ক্রয়, পরিচালন খরচ হিসাবে অন্তর্ভুক্ত করার ফলে—
i. মালিকানা স্বত্ব হ্রাস পায় ii. সম্পদ হ্রাস পায়
iii. বহিঃদায় হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২৫. নিচের কোন অবস্থাটি লেনদেন দ্বারা ঘটতে পারে?
ⓚ সম্পদ হ্রাস, ব্যয় হ্রাস ⓚ আয় বৃদ্ধি, ব্যয় বৃদ্ধি
ⓖ ব্যয় বৃদ্ধি, দায় বৃদ্ধি ⓖ সম্পদ বৃদ্ধি, আয় হ্রাস

২৬. হিসাব সমীকরণের সম্প্রসারিত রূপ কোনটি?
ⓚ সম্পদ = দায় – মূলধন + আয় + খরচ – উত্তোলন
ⓚ সম্পদ = দায় + মূলধন + আয় – খরচ + উত্তোলন
ⓖ সম্পদ = দায় – মূলধন – আয় + খরচ – উত্তোলন
ⓖ সম্পদ = দায় + মূলধন + আয় – খরচ – উত্তোলন

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাকিব একজন ব্যবসায়ী। তিনি জনাব মিজানের নিকট ৫০,০০০ টাকার পণ্য বিক্রয় করে নগদ ৫,০০০ টাকা এবং ১০,০০০ টাকার একটি চেক পেলেন। পরবর্তীতে তিনি জনাব মিজানকে ৫০০ টাকা বাট্টা প্রদান করে অবশিষ্ট অর্থ নগদে গ্রহণ করেন।

২৭. ধারে বিক্রয়ের পরিমাণ কত?
ⓚ ৩৪,৫০০ টাকা ⓚ ৩৫,০০০ টাকা
ⓖ ৪৪,৫০০ টাকা ⓖ ৪৫,০০০ টাকা

২৮. জনাব মিজানকে প্রদত্ত বাট্টা কোন ধরনের বাট্টা?
ⓚ কারবারি বাট্টা ⓚ হারানো বাট্টা
ⓖ পরিমাণ বাট্টা ⓖ নগদ বাট্টা

২৯. যে দাখিলা দ্বারা নামিক হিসাবসমূহ বন্ধ করা হয় তাকে কি বলে?
ⓚ সমন্বয় দাখিলা ⓚ সমাপনী দাখিলা
ⓖ বিপরীত দাখিলা ⓖ স্থানান্তর দাখিলা

৩০. প্রদত্ত বাট্টা কীভাবে হিসাবকে প্রভাবিত করে?
ⓚ খরচ বাড়ে ও সম্পদ কমে ⓚ আয় বাড়ে ও সম্পদ কমে
ⓖ খরচ কমে ও দায় বাড়ে ⓖ আয় কমে ও দায় বাড়ে

৩১. বকেয়া চেক বলতে কী বোঝায়?
ⓚ জমাকৃত চেক যা প্রত্যাখ্যাত হয়েছে
ⓚ ইস্যুকৃত চেক যা প্রত্যাখ্যাত হয়েছে
ⓖ ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপিত হয় নি
ⓖ জমাকৃত চেক যা আদায় হয় নি

৩২. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন?
ⓚ আমানতকারী ⓚ নিরীক্ষক
ⓖ ব্যাংক ⓖ পাওনাদার

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৪ সালের শেষে ব্যবসায়ের প্রাপ্য হিসাবের পরিমাণ ছিল ৭০,০০০ টাকা। ২০১৫ সালে অনাদায়ী পাওনা বাবদ ১,৮০০ টাকা হিসাবভুক্ত করা হয়। ২০১৫ সালে ধারে বিক্রয় ও প্রাপ্য হিসাব হতে নগদ প্রাপ্তির পরিমাণ ছিল যথাক্রমে ৩,০০,০০০ টাকা এবং ২,৮০,০০০ টাকা।

৩৩. ২০১৫ সালের শেষে প্রাপ্য হিসাবের জের কত?
ⓚ ২০,০০০ টাকা ⓚ ৫০,০০০ টাকা
ⓖ ৮৮,২০০ টাকা ⓖ ৯০,০০০ টাকা

৩৪. ২০১৫ সালের শেষে প্রাপ্য হিসাবের ওপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি রাখলে নতুন অনাদায়ী পাওনা সঞ্চিতির পরিমাণ কত হবে?
ⓚ ২,৫০০ টাকা ⓚ ৪,৪১০ টাকা
ⓖ ৪,৫০০ টাকা ⓖ ৬,২১০ টাকা

৩৫. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় মজুরি হিসাবে ডেবিট করা হলো—এটি কোন ধরনের ভুল?
ⓚ পরিপূরক ভুল ⓚ লেখার ভুল
ⓖ বাদ পড়ার ভুল ⓖ নীতিগত ভুল

৩৬. সমাপনী মজুদ পণ্য কম লেখার ফলে—
i. চলতি সম্পদ হ্রাস পায় ii. স্থায়ী সম্পদ হ্রাস পায়
iii. মালিকানা স্বত্ব হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩৭. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুসারে স্থায়ী সম্পদ লিপিবদ্ধ করা হয়?
ⓚ রক্ষণশীলতা ⓚ ঐতিহাসিক ব্যয়
ⓖ সামঞ্জস্যতা ⓖ পূর্ণ প্রকাশ

৩৮. 'পুঞ্জীভূত অবচয়' কোন ধরনের হিসাব?
ⓚ সম্পত্তি ⓚ দায়
ⓖ বিপরীত সম্পত্তি ⓖ মালিকানা স্বত্ব

৩৯. করণিক ভুল হলো—
i. বাদ পড়ার ভুল ও লেখার ভুল
ii. নীতিগত ভুল
iii. পরিপূরক ভুল ও বেদাখিলার ভুল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪০. বিক্রয় ২৫,০০০ টাকা, প্রারম্ভিক মজুদ ২,৫০০ টাকা, সমাপনী মজুদ ১,৫০০ টাকা, ক্রয় ১২,০০০ টাকা এবং ক্রয় পরিবহন ১,০০০ টাকা হলে বিক্রীত পণ্যের ব্যয় কত?
ⓚ ১৪,০০০ টাকা ⓚ ১৪,৫০০ টাকা
ⓖ ১৫,৫০০ টাকা ⓖ ১৭,০০০ টাকা

উত্তরমালা

১	ঘ	২	ক	৩	ঘ	৪	ঘ	৫	ঘ	৬	*	৭	ঘ	৮	গ	৯	ক	১০	খ	১১	ক	১২	গ	১৩	ঘ	১৪	খ	১৫	ঘ	১৬	ঘ	১৭	ক	১৮	গ	১৯	খ	২০	ক
২১	খ	২২	ক	২৩	গ	২৪	ক	২৫	গ	২৬	ঘ	২৭	খ	২৮	ঘ	২৯	খ	৩০	ক	৩১	গ	৩২	ক	৩৩	গ	৩৪	খ	৩৫	ঘ	৩৬	খ	৩৭	খ	৩৮	গ	৩৯	খ	৪০	ক